



## সৌদি বাদশাহর আমন্ত্রণে ওমরাহ করবেন ৩০ বাংলাদেশি



ছবি: সংগৃহীত

সৌদি বাদশাহ সালমান বিন আবদুল আজিজ আল সৌদের আমন্ত্রণে ওমরাহ পালনের সুযোগ পাচ্ছেন বাংলাদেশের ৩০ জন। সৌদি সরকারের বিশেষ উদ্যোগে নির্বাচিত অতিথিরা মক্কা ও মদিনার পবিত্র স্থানগুলোও জিয়ারত করবেন।

রোববার (৪ সেপ্টেম্বর) ঢাকায় সৌদি দূতাবাসে আয়োজিত বিদায়ী অনুষ্ঠানে আমন্ত্রিতদের শুভকামনা জানানো হয়।

ঢাকায় নিযুক্ত সৌদি রাষ্ট্রদূত ড. আব্দুল্লাহ জাফর এইচ বিন আবিয়াহ বলেন, এ উদ্যোগ বাংলাদেশ ও সৌদি আরবের ভ্রাতৃত্বপূর্ণ সম্পর্ক আরও জোরদার করতে ভূমিকা রাখবে।

LENS ASIA